কালের কণ্ঠ

তারিখ 12 FEB 2016
পৃষ্ঠা 7 কলাম 2

# শিক্ষার্থীদের বাস্তবজ্ঞান অর্জন করতে হবে : শিক্ষামন্ত্রী

**টঙ্গী প্রতিনিধি ▷**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রাতিষ্ঠানিক শিক্ষার সঙ্গে বাস্তব জ্ঞানের সমন্বয় করে তরুণ শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যেতে হবে। গতকাল বৃহস্পতিবার রাজধানীর উত্তরায় আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশের (এআইইউবি) ১৬তম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণে তিনি এ কথা বলেন।

সমাবর্তন অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য দেন বাংলাদেশে নিযুক্ত রাজকীয় ডেনমার্ক দূতাবাসের রাষ্ট্রদূত হানি ফাগ্ম এসকেজেয়ার। অনুষ্ঠানে আরো বক্তব্য দেন এআইইউবি-এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ইশতিয়াক আবেদীন এবং উপাচার্য ড. কারমেন জেড ল্যামাগনা। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার গুণগত মান যুগের উপযোগী করতে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে।